

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬।

সংখ্যা : ১৫.৫৫.০০০০.০০২.২৫.১৭২.২৩.১৬০০

তারিখ : ২৩ অক্টোবর ২০২৩ খ্রি.

প্রেস রিলিজ

DW Akademie এবং জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের যৌথ আয়োজনে ২২-২৩ অক্টোবর'২৩ দুই দিনব্যাপী Consultation Workshop for Editors of Regional Media Outlets শীর্ষক প্রশিক্ষণ কর্মশালার সমাপন ও সনদপত্র বিতরণ অনুষ্ঠান ২৩ সেপ্টেম্বর ২০২৩ তারিখে ইনস্টিটিউটের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) নূরুন্ নাহার হেনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। মহাপরিচালক (অতিরিক্ত সচিব) নূরুন্ নাহার হেনা DW Akademie-কে ধন্যবাদ জ্ঞাপন করে Consultation Workshop for Editors of Regional Media Outlets শীর্ষক প্রশিক্ষণ কর্মশালার গুরুত্ব তুলে ধরে তাঁর বক্তব্যে মফস্বল সাংবাদিকদের উদ্দেশ্যে বলেন যে, মফস্বল থেকে প্রচারিত সংবাদ সবসময় স্থানীয় পর্যায়ে থেকে জাতীয় পর্যায়ে পর্যন্ত আসে না। মফস্বলের সংবাদ আপামর জনগণ যেন জানতে পারে তিনি সে আহবান জানান। সাংবাদিকদের নিয়ে এ আয়োজন পর্যায়ক্রমে অব্যাহত থাকবে বলে আশা ব্যক্ত করেন।

DW Akademie-র (বাংলাদেশ, ভারত ও আফগানিস্তান) প্রোগ্রাম ডিরেক্টর মিজ প্রিয়া ইজেলবর্ন কর্মশালায় উপস্থিত ছিলেন। তিনি বলেন “ This 2-day Workshop is to identify the problems and requirements of the regional journalists. We will design our further activities accordingly.

অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের অতিরিক্ত মহাপরিচালক ফায়জুল হক, DW Akademie এর প্রতিনিধি জনাব ফাহিম ফেরদৌস ও পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান) ড. মো. মারুফ নাওয়াজ।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের উপপরিচালক (দৃশ্যসজ্জা ও রেখায়ন প্রশি.) জনাব আব্দুল মান্নান কর্মশালা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। সমন্বয়ক হিসেবে ছিলেন সহকারী পরিচালক (গণযোগাযোগ প্রশিক্ষণ) সাইফুল্লাহর তম্বী।

প্রশিক্ষণ কর্মশালায় সমগ্র বাংলাদেশের ২৬ টি জেলা থেকে স্থানীয় পর্যায়ে প্রকাশিত পত্রিকার সম্পাদক/প্রকাশকবৃন্দ অংশগ্রহণ করেন।

আবদুল হাম্মান

(গণসংযোগ কর্মকর্তা)

ফোন : ৫৫০৭৯৪৩৮-৪২

বিতরণ:

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা।
- ২। মুখ্য বার্তা সম্পাদক/চিফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/এটিএন বাংলা/চ্যানেল আই/একুশেটিভি/এনটিভি/সময়টিভি/দৈনিক ইত্তেফাক/দৈনিক জনকণ্ঠ/দৈনিক প্রথম আলো/দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিকভোরের পাতা/দৈনিক ভোরের কাগজ/ কমিউনিটি রেডিও।
- ৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। কার্যালয় নথি।